FEB. 4 2001

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ...
পৃষ্ঠা — ৩ ... কলাম ... ৫

কলকাতা বইমেলায় বাংলাদেশ দিবস

মিত বসু, কলকাতা থেকে ॥ ঘোড়া দৌড়ালে যেম ধুলো ওড়ে, মানুষের ছাটাছুটিতে তেমন কলকাতা বইমেলা লোকীর্ণ হয় প্রতিবার। ব্যতিক্রম এবার। ক্রমে ক্রমে মেলায় যেন কমে যাচ্ছে মানুষের প্রবেশ। তাই মেলা যাচ্ছে, ধুলো নেই। ফেব্রুয়ারির দু'তারিখটা ছিল অবশ্য অন্য দিনের থেকে আলাদা। এদিন নিষ্প্রাণ মেলায় আসে প্রাণের জোয়ার। উৎসবের উচ্ছ্বাস ছড়িয়ে পড়ে সর্বত্র। দিনটিতে বাঙালী যেন নিজেদের নতুন করে আবিষ্কার করতে চেয়েছে। খুঁজেও হয়ত পেয়েছে তাদের অতীত, বর্তমান ও ভবিষ্যত। কারণ আর কিছুই নয়, দিনটি ছিল যে, বাংলাদেশ দিবস। তাই অন্য কোন আকর্ষণ তাদের বশ করতে পারেনি। মানুষের মিছিল গিয়ে থেমেছে কলকাতা বইমেলায়। বাংলাদেশের বইয়ের স্টলগুলো আকর্ষণের প্রধান লক্ষ্যবস্তু হয়ে উঠেছে। বাতাস সুরভিত করেছে বাংলাদেশের গান ও কবিতা।

সব থেকে প্রাঞ্জল হয়েছে 'মুক্তিযুদ্ধপরবর্তী বাংলাদেশের সাহিত্য' শীর্ষক আলোচনাটি। এই আলোচনা সভাটি মনোগ্রাহী হয়ে উঠেছিল তথ্যের গুণে ও বিশ্লেষণের নৈপুণ্যে। অংশ নিয়েছিলেন বিশিষ্ট বুদ্ধিজীবী মমতাজউদদীন আহমদ, হায়াত মামুদ, রশিদ হায়দার ও বেবী মওদুদ ছাড়া আরও কে। আলোচনায় বক্তারা বাংলাদেশের উপাদান হিসাবে মানুষের কথা উল্লেখ করেন। তাঁরা বলেন, মুক্তিযুদ্ধ ও গণআন্দোলন বাংলাদেশের সাহিত্যকে সমৃদ্ধ করেছে।

আলোচনায় মূল নিবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক মমতাজউদদীন আহমদ। উপরাষ্ট্রদূত হুমায়ুন কবিরের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনাসভায় অধ্যাপক মমতাজউদদীন আহমদ বলেন, একাত্তরে স্বাধীনতা এলো আর বাংলাদেশের সাহিত্য দু'কূল ছাপিয়ে হাজার কণ্ঠে ধ্বনিত হলো। তবে তেমন কোন মোহনীয় কাজ হয়নি। আগে যা ছিল তারই বিচার সংস্কার বিবর্তন করে স্বাধীনতাউত্তর বাংলাদেশের সাহিত্য ও সঙ্গীত সমকাল ও দূরদিগন্ত সন্ধান করে চলেছে। মূল আলোচনার ওপর উন্মুক্ত আলোচনায় অংশ নেন অধ্যাপক জ্যোতির্ময় ঘোষ, অধ্যাপক ক্ষেত্রগুপ্ত ও ডঃ শুভরঞ্জন দাশগুপ্ত।

তাঁরা বলেন, মুক্তিযুদ্ধের পর বাংলাদেশের সাহিত্য এগোচ্ছে। তার একটা নিজস্ব চরিত্র রয়েছে। সে চরিত্রটিই ভবিষ্যতকে আলোকিত করবে। এই জটিল সময়কে আরও গভীরভাবে সাহিত্যে ধরে রাখার দাবিও উঠেছে। কলকাতায় বাংলাদেশের উপরাষ্ট্রদূত হুমায়ুন কবির এই ঐতিহাসিক দিনটি গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছেন। সাংগঠনিক নৈপুণ্যে সভাটিকে সাফল্যমণ্ডিত করে তুলেছেন বাংলাদেশ উপদূতাবাসের,